

DD/ST/M
 বাংলাদেশ বিমান
 নং-৩০.৩১.৭৩০০.৬০১.০৫.০১৩.২৩.০৬
 ২৪/১২/২৪

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
 বিমানবন্দর ব্যবস্থাপকের দপ্তর
 সৈয়দপুর বিমানবন্দর, নীলফামারী।



তারিখ : ০৬ -০১-২০২৪ খ্রি.

বিষয় : স্পট নিলাম ডাক আহবান প্রসংগে।


১. সূত্র: নং-৩০.৩১.৭৩০০.৬০১.১৮.০০১.১৭.৮৬৮, তারিখ: ১৫-১১-২০২৩ খ্রি.
 ২. সূত্র: নং-৩০.৩১.০০০০.২৩১.০৬.০১৮.২২.১৫, তারিখ: ০৪-১২-২০২৩ খ্রি.

উপরোক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের আলোকে সকল ব্যবসায়ী/প্রতিষ্ঠান/ব্যক্তিগণকে জানানো যাচ্ছে যে, সৈয়দপুর বিমানবন্দরের পুরাতন Apron, Taxiway ও বিমানবন্দরের সামনে উচ্ছেদকৃত অবৈধ মার্কেট হতে প্রাপ্ত মালামাল (ভাঙ্গা কংক্রিটের মিশ্রণ ও উচ্ছেদকৃত ইট) জরুরী ভিত্তিতে স্পট নিলামে বিক্রয় করা হবে। উক্ত নিলাম আগামী ২৩-০১-২০২৪ তারিখ বেলা ১২:০০ ঘটিকায় বিমানবন্দর ব্যবস্থাপকের দপ্তর, সৈয়দপুর বিমানবন্দর, নীলফামারী অনুষ্ঠিত হবে :

ক্রমিক নং	মালামালের বিবরণ	পরিমাণ (আনুমানিক)
১।	ভাঙ্গা কংক্রিটের মিশ্রণ	৪৮,০০০ ঘনফুট
২।	উচ্ছেদকৃত ইট (পুরাতন)	২০,০০০ টি

স্পট নিলাম ডাকের শর্তাবলী:

- ১। প্রকাশ্য নিলাম ডাকে অংশ গ্রহণে ইচ্ছুক ডাককারীগণ নিলাম ডাকের পূর্বে অফিস চলাকালীন সময়ে বিমানবন্দর কর্তৃপক্ষের সহিত যোগাযোগ করে উক্ত মালামালগুলো দেখে যেটা যে অবস্থায় আছে সে অবস্থায়ই ক্রয় করার আগ্রহ হলে নিলামে অংশ গ্রহন করতে পারবেন;
- ২। স্পট নিলাম ডাকের পূর্বে সকাল ১১:০০ ঘটিকার মধ্যে নিলাম ডাকে অংশগ্রহণকারী ইচ্ছুক ব্যবসায়ী/ প্রতিষ্ঠান/ ব্যক্তিগণকে কমিটির আহবায়ক বরাবরে (বিমানবন্দর ব্যবস্থাপক, সৈয়দপুর বিমানবন্দর, নীলফামারী) নিলাম ডাকে অংশগ্রহণকারীগণকে জাতীয় পরিচয়পত্র ও ট্রেড লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে) এর ফটোকপিসহ আবেদন করতে হবে। আর্নেস্টম্যানি হিসেবে বাংলাদেশের যে কোন তফশীলি ব্যাংক হতে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার MANAGER BIMAN BANDAR SAIDPUR এর অনুকূলে অগ্রিম প্রদান করতে হবে। যা ১ম, ২য় ও ৩য় সর্বোচ্চ ডাককারীর আর্নেস্টম্যানি জামানত হিসেবে জমা রাখার পর অবশিষ্টদের নিলাম ডাক শেষে তাৎক্ষনিকভাবে ফেরত দেয়া হবে;
- ৩। কার্যাদেশ প্রাপ্ত ব্যক্তি/নিলামকারী/ঠিকাদারকে নিলাম ডাকের সমুদয় মূল্য তৎসহ আয়কর ও ভ্যাট কার্যাদেশ জারির ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে MANAGER BIMAN BANDAR SAIDPUR এর অনুকূলে পৃথক ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জমা/পরিশোধ করতে হবে। নিলামকৃত মালামাল গঠিত কমিটির উপস্থিতিতে কার্যাদেশ প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে কার্যাদেশ প্রাপ্ত ব্যক্তি/নিলামকারী/ঠিকাদারকে নিজ খরচে ও নিজ দায়িত্বে সরিয়ে নিয়ে জায়গা খালি করে দিতে হবে। অন্যথায় কার্যাদেশ বাতিলসহ জমাকৃত জামানত বাজেয়াপ্ত করা হবে;
- ৪। মালামাল অপসারণ/নেয়ার সময় কর্তৃপক্ষের কোন স্থাপনা বা কোন কিছু ক্ষতি সাধন হলে উহার ক্ষতি পূরণ কার্যাদেশ প্রাপ্ত ব্যক্তি/নিলামকারী/ঠিকাদারকেই বহন করতে হবে ;
- ৫। মালামাল অপসারণ/ নেয়ার সময় দুর্ঘটনায় কেহ আহত/নিহত হলে এর দায়-দায়িত্ব কর্তৃপক্ষ বহন করবে না ;
- ৬। উক্ত এলাকা হতে কার্যাদেশে বর্ণিত মালামাল ব্যতীত অন্য কোন মালামাল বাহির করলে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা জরিমানা করা হবে।
- ৭। কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ স্পট নিলাম ডাক কর্তৃপক্ষ আংশিক/সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।


 (সুপ্রভ কুমার ঘোষ)
 ০৬.০১.২০২৪

বিমানবন্দর ব্যবস্থাপক
 সৈয়দপুর বিমানবন্দর, নীলফামারী
 e-mail: apmsaidpur@caab.gov.bd

বিতরণ (অবগতি ও কার্যার্থে) :

- ১। সদস্য (প্রশাসন), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
 ২। সদস্য (পরি:পরি:), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
 ৩। প্রধান প্রকৌশলী, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
 ৪। পরিচালক (প্রশাসন), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
 ৫। পরিচালক (সিএনএস), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (সিএএবি'র ওয়েবসাইটে প্রকাশ ও প্রচারের জন্য)।
 ৬। তথ্যবাহ্যক প্রকৌশলী, সিভিল সার্কেল প্রকল্প, সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
 ৭। পিএস টু চেয়ারম্যান, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
 ৮। সিএনএস প্রকৌশলী, সৈয়দপুর বিমানবন্দর, নীলফামারী।
 ৯। হিসাবরক্ষণ কর্মকর্তা, সৈয়দপুর বিমানবন্দর, নীলফামারী।
 ১০। উপ-সহকারী প্রকৌশলী (ইএম/সিভিল), সৈয়দপুর বিমানবন্দর, নীলফামারী।